# পাকিস্তান–আফগান সীমান্তে রাতভর সংঘর্ষে নিহত তালেবান শতাধিক



সংগৃহীত ছবি

পাকিস্তান–আফগান সীমান্তে চলা সংঘর্ষে পাকিস্তান সেনা দাবি করেছে ২০০-এর বেশি তালেবান নিহত হয়েছে। এ সংঘর্ষে পাকিস্তানের ২৩ সেনা নিহত এবং ২৯ জন আহত হয়েছে। তালেবান পক্ষ তাদের পাল্টা হামলায় ৫৮ সেনার মৃত্যু দাবি করেছে।

রোববার (১২ অক্টোবর) পাকিস্তান সেনাবাহিনী জানিয়েছে, সীমান্তে রাতভর সংঘর্ষ চলার সময় দেশের অখণ্ডতা রক্ষা করতে ২৩ জন সাহসী সেনা নিহত হয়েছেন এবং ২৯ জন আহত হয়েছেন।

আইএসপিআর জানিয়েছে, তাদের অভিযানে ২০০-এর বেশি তালেবান যোদ্ধা নিহত এবং আহতের সংখ্যা আরও অনেক বেশি।

অন্যদিকে, তালেবান দাবি করেছে, পাকিস্তানের বিমান হামলার প্রতিশোধে তারা সীমান্তে গুলি চালিয়েছে এবং অন্তত ৫৮ সেনা নিহত হয়েছে। সংঘর্ষ চলার কারণে সীমান্ত অঞ্চলে উত্তেজনা তীব্র আকার ধারণ করেছে।

LENS ASIA